



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরে অনুষ্ঠিত ২য় উদ্ভাবনী সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ এজাজ আহমেদ জাবের মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	২৯ নভেম্বর, ২০২০
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	মিনি কনফারেন্স রুম, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট - ক

২। সভাপতি মহোদয় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ইনোভেশন টিমের সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, অত্র অধিদপ্তরের আইসিটি সেল এর সহকারী মহাপরিদর্শক (সেইফটি) সভার কার্যপত্র উপস্থাপন করেন। গত ২১/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত ১ম উদ্ভাবনী সভার শতভাগ (৩/৩*১০০%=১০০%) সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। সভায় অত্র অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অর্থ বছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অর্থ বছরে নির্ধারিত সময়ে সর্ব উত্তম লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা ও সিদ্ধান্ত	বর্তমান অগ্রগতি
২.১	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও ২৩টি কার্যালয়ের নিকট থেকে উদ্ভাবনী ধারণা আহবান করে পত্র প্রেরণ এবং উদ্ভাবনী আইডিয়াসমূহ যাচাই-বাছাই করণ বিষয়ে আলোচনা হয়। প্রাপ্ত ০৮ (আট) টি আইডিয়ার মধ্যে ০২ (দুই) টি আইডি বাছাই করা হয়।	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও ২৩টি কার্যালয়ের নিকট থেকে উদ্ভাবনী ধারণা আহবান করে গত ১২/১০/২০২০ তারিখ পত্র প্রেরণ করা হয়। এর প্রেক্ষিতে ০৮ (আট) টি আইডিয়া পাওয়া যায়; যার মধ্যে ০২ (দুই) টি কমিটির সদস্যদের সম্মতিক্রমে গৃহীত হয়েছে। একটি (DIFE এক সেবা / One Stop Service Mobile Application) ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়ন করা হবে এবং অপরটি ('কলকারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্স/নবায়ন ফি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে গ্রহণ করা') আগামী ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়ন করা হবে।
২.২	প্রাপ্ত উদ্ভাবনী ধারণা হতে বাস্তবায়নযোগ্য কর্মপক্ষে একটি ধারণা আগামী ১৯/১২/২০২০ তারিখের মধ্যে পাইলটিং এর আদেশ জারি করতে হবে এবং ০১/০৩/২০২০ তারিখের মধ্যে পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন করতে হবে।	প্রাপ্ত উদ্ভাবনী ধারণা হতে ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়নযোগ্য একটি উদ্ভাবনী ধারণা (DIFE এক সেবা / One Stop Service Mobile Application) ইতোমধ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ধারণাটি আগামী ১৯/১২/২০২০ তারিখের মধ্যে পাইলটিং এর আদেশ জারি করা হবে।
২.৩	বাস্তবায়নযোগ্য নূন্যতম একটি ডিজিটাল সেবা চিহ্নিত করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়নযোগ্য একটি ডিজিটাল সেবা ('ওয়ান ক্লিক রিপোর্টিং সিস্টেম') চিহ্নিত করে গত ০৮/১১/২০২০ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
২.৪	নতুন একটি সেবা সহজিকরণের লক্ষ্যে সবাইকে বাস্তবায়নযোগ্য সেবা নির্বাচনের এবং নির্বাচিত সেবার পাইলটিং আদেশ জারির বিষয়ে আলোচনা করা হয়।	২০২০-২০২১ অর্থ বছরে সেবা সহজিকরণের লক্ষ্যে ('Online Based Requisition and Inventory Management System') সেবাটি নির্বাচন করা হয়েছে এবং গত ০৫/১০/২০২০ তারিখে পাইলটিং এর আদেশ জারি করে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
২.৫	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক অত্র অধিদপ্তরের তথ্য বাতায়নে প্রকাশ।	প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক ইতোমধ্যে অত্র অধিদপ্তরের তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।

৩। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কমিটির সদস্যগণকে করোনাকালীন সময় স্বাস্থ্যবিধি অনুসরণের নির্দেশ প্রদান এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এজাজ আহমেদ জাবের
মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০৬.০০৯.১৭.৩৮৮


তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৭

০৬ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) উপ মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬) উপ মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭) সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮) শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯) শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



সিকদার মোহাম্মাদ তৌহিদুল হাসান
সহকারী মহাপরিদর্শক (সেইফটি)